পিএইচ.ডি. কোর্সওয়ার্ক ২০২৩

বাংলা

কোর্স ১

গবেষণার পদ্ধতি ও প্রকরণ

সময় : ৪ ঘণ্টা — পূর্ণমান : ৮০

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন : ২x১৫= ৩০

ক) পূর্ণাঙ্গ গবেষণাপত্র প্রস্তুতি সম্পর্কে আপনার অভিমত ব্যক্ত করুন।

খ) গবেষণাপত্রের প্রাথমিক খসড়া বা সিনপসিস প্রস্তুতির জন্যে কীভাবে উপাদান সংগ্রহ করে উক্ত খসড়াপত্র নির্মাণ করতে হয় তা বিস্তারিতভাবে দেখান।

গ) গ্রন্থপঞ্জি নির্মাণের গুরুত্ব উল্লেখ করুন। এই সূত্রে গ্রন্থপঞ্জির আদর্শ নমুনা উল্লেখ করুন।

ঘ) ক্ষেত্রসমীক্ষা বিষয়ে একটি নিবন্ধ রচনা করুন।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন : ৫x২= ১০

ক) ত্রিবিন্দু-চিহ্নের ব্যবহার কোন্ ক্ষেত্রে হয় তা লিখুন।

খ) আকরগ্রন্থ ও সহায়কগ্রন্থের পার্থক্য দেখান।

গ) বিসর্গ ও কোলন-চিহ্নের পার্থক্য দেখান।

ঘ) ব্লক কোটেশন কাকে বলে সংক্ষেপে লিখুন।

ঙ) ক্ষেত্রসমীক্ষা বিষয়ক একটি গ্রন্থ ও গ্রন্থকারের নাম উল্লেখ করুন।

৩। যে-কোনো ছটি প্রশ্নের উত্তর দিন : ৬x৫= ৩০

ক) গবেষণাপত্রের নামপত্র বা Title Page-এর একটি আদর্শ নমুনা প্রস্তুত করুন।

খ) উদাহরণ-সহ পাদটীকা (Foot-Note) ও অন্ত্যটীকা (End-Note) ব্যবহারের পদ্ধতি সম্পর্কে লিখুন।

গ) বাংলা বানান সম্পর্কে গবেষককে কোন্ কোন্ দিক থেকে সতর্ক থাকতে হবে তা লিখুন।

ঘ) গবেষণাপত্রে উদ্ধৃতিচিহ্ন ব্যবহার সম্পর্কে সংক্ষেপে লিখুন।

ঙ) গ্রন্থের সংস্করণ ও মুদ্রণের পার্থক্য চিহ্নিত করুন।

চ) গবেষণাপত্রে অনুচ্ছেদ ছাড়ের (Para Indent) প্রয়োজনীয়তা ও রীতি বিষয়ে লিখুন।

ছ) কুম্ভীলক বৃত্তি সম্বন্ধে লিখুন।

জ) ক্ষেত্রসমীক্ষায় অডিও ভিস্যুয়াল যন্ত্রের ব্যবহার সম্বন্ধে লিখুন।

ঝ) ক্ষেত্রসমীক্ষার তথ্যদাতা নির্বাচন বিষয়ে আপনার অভিমত জানান।

পরপৃষ্ঠায় দ্রষ্টব্য

৪। ক এবং খ প্রশ্নের উত্তর আবশ্যিক (এই পৃষ্ঠাটি উত্তরপত্রে সংযুক্ত করতে হবে) : ২x৫=১০

ক) মূল কপির সঙ্গে মিলিয়ে প্রুফ সংশোধন করুন :

মূল কপি :

বঙ্কিমচন্দ্র ঔপন্যাসিক, প্রাবন্ধিক, মনীষী, দার্শনিক — এই পর্যন্ত অনেকের কাছেই স্বীকার্য, কিন্তু তিনি ধর্মবেত্তা? রীতিমতো সংসারী তিনি। আলো-ছায়া মেশানো তাঁর জীবন। এবং সরকারি চাকুরে। তাঁকে ধর্মবেত্তা বলে গ্রহণ করা সেকালে সম্ভব ছিল না। তাঁর তৈরি-করা কৃষ্ণ সম্বন্ধেও নানা সমালোচনার ঢেউ উঠল।

প্রুফ :

বঙ্কিমচন্দ্র ঔপন্যাসিক, প্রাবন্ধিক, মনীষী, দার্শনিক — এই পর্যন্ত অনেকের কাছেই স্বীকার্য; কিন্তু তিনি ধর্মবেত্তা? রীতিমতো সংসারি তিনি। আলো-ছায়া মেশানো তাঁর জীবন। ও সরকারি চাকুরে। তাঁকে ধর্মবেতা বলে গ্রহণ করা সেকালে সম্ভব ছিল না। তাঁর তৈরী-করা কৃষ্ম সম্বন্ধেও নানান সমালোচনার ঢেউ উঠল।

খ) মূল কপির সঙ্গে মিলিয়ে প্রুফ সংশোধন করুন :

মূল কপি :

আজ ভাবি মনে-মনে, তাহারে কি জানি
যাহার বলায় মোর বাণী,
যাহার চলায় মোর চলা,
আমার ছবিতে যার কলা,
যার সুর বেজে ওঠে মোর গানে গানে,
সুখে দুঃখে দিনে দিনে বিচিত্র যে আমার পরানে।
ভেবেছিনু আমাতে সে বাঁধা
এ প্রাণের যত হাসা কাঁদা
গণ্ডি দিয়ে মোর মাঝে
ঘিরেছে তাহারে মোর সকল খেলায় সব কাজে।

প্রুফ :

আজ ভাবি মনে মনে, তাহারে কি জানি
যাহার বলায় মোব বাণী,
যাহার চলায় মোর চলা,
আমার ছবিতে যার কলা,
যার সুর ওঠে মোর গানে গানে,
সুখে দুঃখে দিনে দিনে বিচিত্র যে আমার পরানে।
ভেবেছিনু আমাতে সে বাধা
এ প্রাণের যত হাসা কাঁদা
গণ্ডি দিয়ে মোর মাঝে
ঘিরেছে তাহারে মোর সকল খেলার সব কাজে।

—

পিএইচ.ডি. কোর্স ওয়ার্ক পরীক্ষা ২০২৩

বাংলা

কোর্স-২ (ঐচ্ছিক)

( কথাসাহিত্য )

সময় : ৪ ঘন্টা পূর্ণমান : ৮০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

প্রতিটি এককের উত্তরদান আবশ্যিক

একক-১

১। ক) আখ্যানতত্ত্ব তুলনামূলকভাবে একটি নতুন ডিসিপ্লিন হলেও তার পূর্বসূরিত্ব নিহিত রয়েছে সাবেক উপন্যাসতত্ত্বের মধ্যে। — মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করুন। ১০

অথবা

খ) 'ন্যারেটিভ কমিউনিকেশন মডেল' সম্পর্কে আলোকপাত করুন। পশ্চিমা আখ্যানতত্ত্বে 'ন্যারেটি'-র পর্যাপ্ত গুরুত্ব না থাকায় রামকৃষ্ণ ভট্টাচার্য কীভাবে তার সমালোচনা করেছিলেন ? এ ব্যাপারে আপনার ব্যক্তিগত অভিমত যুক্তি সহযোগে উপস্থাপন করুন। ৩+৩+৪=১০

অথবা

গ) আখ্যানের 'প্লট' সম্পর্কে প্রচলিত ধারণাগুলি আলোচনা করুন। পিটার ব্রুকসকে স্মরণে রেখে দেখান, প্লটের ধারণা নেহাত একটি প্রকরণগত বিষয় নয় ; বরং তার মধ্যে রয়েছে এক তীব্র জৈবধর্ম। ৬+৪=১০

২। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন। ৫×২ = ১০

ক) কার, কোন গ্রন্থের মধ্যস্থতায় সমাজবিজ্ঞানে সূচিত হয় 'ন্যারেটিভ টার্ন'-এর ঘটনাটি ?

খ) 'টাইম অ্যান্ড ন্যারেটিভ' বইটির রচয়িতা কে ? কত সালে এটি প্রকাশিত হয় ?

গ) 'লাইফ অ্যাজ ন্যারেটিভ' কার লেখা প্রবন্ধ ? এটির প্রকাশকাল লিখুন।

ঘ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের 'হাঁসুলীবাঁকের উপকথা' উপন্যাসের সুচাঁদ তাঁর নিরন্তর কথকতার সপক্ষে কী যুক্তি শুনিয়েছিলেন ? ওই কথকতার সাংগীতিক পরিপূরণ করেছিলেন কোন চরিত্র ?

ঙ) 'মহাভারত'-এর সৌতি কার কাছ থেকে ওই মহাকাব্যের বৃত্তান্ত শুনেছিলেন, এবং কাদের সেই বৃত্তান্ত শুনিয়েছিলেন ?

একক – ২

৩। ক) 'আলালের ঘরের দুলাল' উপন্যাসের ইংরেজি 'PREFACE' ও বাংলা 'ভূমিকা' অবলম্বনে প্যারীচাঁদ মিত্রের উপন্যাস সম্পর্কিত ধারণার পরিচয় দিন। ১০

অথবা

খ) শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়ের 'বঙ্গসাহিত্যে উপন্যাসের ধারা' গ্রন্থের উপন্যাস-সমালোচনার পদ্ধতি সম্পর্কে আলোচনা করুন। ওই গ্রন্থের যে-কোনো একটি উপন্যাস-সমালোচনা পদ্ধতি প্রসঙ্গে তাঁর দৃষ্টিভঙ্গি বিচার করুন। ৫+৫=১০

অথবা

গ) 'বাংলা উপন্যাসের কালান্তর' গ্রন্থে উপন্যাসের শিল্পরূপের বৈশিষ্ট্য সম্পর্কে সমালোচকের বক্তব্যটি বিশ্লেষণ করুন। ১০

৪। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন। ৫×২ = ১০

ক) হরিনাথ মজুমদার 'বিজয়বসন্ত' (১৮৫৯) বইটিকে 'নবেল' বলে আখ্যা দিলেও 'নবেল' শব্দটির অর্থ কী ধরেছিলেন ?

খ) গোপীমোহন ঘোষ তাঁর 'বিজয়-বল্লভ'-কে (১৮৬৩) কোন ধরনের রচনা বলে দাবি করেছিলেন ?

[পরের পৃষ্ঠায় দেখুন]

গ) 'বঙ্গসাহিত্যে উপন্যাসের ধারা' গ্রন্থাকারে কবে, কোথা থেকে প্রথম প্রকাশিত হয় ?

ঘ) উনিশ শতকে বাংলা সাহিত্য সমালোচনা প্রকাশিত হত এমন দুটি পত্রিকার নাম লিখুন।

ঙ) 'সাহিত্যে ছোটগল্প' বইটি লেখক কাকে উৎসর্গ করেছেন ? ছোটগল্পের রূপতত্ত্বের বিচারে তিনি কোন গল্প বিশ্লেষণ করে দেখিয়েছেন ?

### একক -৩

৫। ক) ১৩৫০-এর মন্বন্তর বাংলা গল্পে কীভাবে শিল্পরূপ পেয়েছে আলোচনা করুন। ১০

অথবা

খ) বাংলা কথাসাহিত্যে নকশাল আন্দোলন ভিন্ন ভিন্ন দৃষ্টিকোণ থেকে প্রতিফলিত হয়েছে— আলোচনা করুন। ১০

অথবা

গ) উদ্বাস্তু সমস্যার প্রতিফলন বাংলা কথাসাহিত্যে কীভাবে এসেছে তা বিশ্লেষণ করে দেখান। ১০

৬। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন। ৫×২ = ১০

ক) 'ফ্যাসিস্ট বিরোধী লেখক ও শিল্পীসংঘ' কত সালে গড়ে ওঠে এবং এর সভাপতি কে ছিলেন ?

খ) 'ধানকানা' এবং 'সমুদ্রহৃদয়' গ্রন্থদুটির রচনাকারদের নাম লিখুন।

গ) 'রণক্ষেত্র রাজপথ' কার লেখা ? এই লেখকের অপর একটি গ্রন্থের নাম লিখুন।

ঘ) 'গণনায়ক' এবং 'সূর্য-দীঘল বাড়ি'-র রচয়িতাদের নাম লিখুন।

ঙ) 'হাসুবানু' উপন্যাসের লেখক কে ? এই উপন্যাসের পটভূমি কী ?

### একক-৪

৭। ক) 'উপন্যাস' এই সাহিত্যরূপের নির্মাণের সময় বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ও তারকনাথ গঙ্গোপাধ্যায় পাশ্চাত্যের নভেলের নানা আদর্শের বঙ্গীকরণ কীভাবে ঘটিয়েছিলেন আলোচনা করুন। ১০

অথবা

খ) গল্পকার সাদাত হাসান মান্টোর জীবনের সংক্ষিপ্ত পরিচয় দিন। অশ্লীলতার দায়ে তাঁর গল্পগুলি সেকালে অভিযুক্ত হলেও তিনি জীবনসমৃদ্ধ গল্প লিখেছেন।— আলোচনা করুন। ৫+৫ =১০

অথবা

গ) গল্পকার হিসেবে মান্টোর জীবনদর্শন তাঁর 'খোল দো' গল্পে কীভাবে ধরা পড়েছে তা নিয়ে আলোচনা করুন। ১০

৮। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন। ৫×২ = ১০

ক) ঊনবিংশ শতাব্দীতে প্রচলিত বাংলা ভাষায় 'নভেল' শব্দের দুটি প্রতিশব্দ লিখুন।

খ) মান্টোর দুটি ছোটগল্পের নাম লিখুন, যার মধ্যে একটি দেশভাগ ও অন্যটি যৌনকর্মীদের নিয়ে লেখা।

গ) ইসমত চুঘতাই-এর গল্প অবলম্বনে নির্মিত একটি চলচ্চিত্রের নাম এবং মান্টোর গল্প অবলম্বনে তৈরি একটি চলচ্চিত্রের নাম লিখুন।

ঘ) মান্টোর প্রথম গল্পটি কবে, কোন পত্রিকায় প্রকাশিত হয় লিখুন।

ঙ) ইসমত চুঘতাই রচিত দুটি চিত্রনাট্যের নাম লিখুন।